

## অগ্নি নিরাপত্তা সংক্রান্ত বিজ্ঞপ্তি

আগুন লাগলে, শান্ত থাকুন। FIRE DEPARTMENT-কে জানান এবং FIRE DEPARTMENT কর্মীদের নির্দেশ অনুসরণ করুন। যদি আপনার অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক হয়, তবে নিম্নলিখিত তথ্যগুলির উপরে নির্ভর করে আপনার বিবেচনা মতে সবথেকে নিরাপদ পদক্ষেপটি গ্রহণ করুন:

আপনি সহজে আগুন লাগতে পারে (অগ্নিরোধক নয়) এমন বিল্ডিংয়ে থাকেন।

### যদি আপনার বাসায় আগুন লেগে যায়

- যেখানে আগুন লেগেছে সেই ঘরের দরজা বন্ধ করে বাসা ছেড়ে বেড়িয়ে যান।
- নিশ্চিত হয়ে নিন যে আপনার সঙ্গে সকলেই বাসা থেকে বেড়িয়ে এসেছে।
- আপনার চাবিগুলি নিয়ে নিন।
- বাসার দরজা বন্ধ করুন, কিন্তু তালা দেবেন না।
- আপনার তলে বাহিরপথের রাস্তায় অন্যদের দরজায় টোকা দিয়ে সতর্ক করুন।
- বিল্ডিং থেকে বের হতে কাছাকাছি সিঁড়ি ব্যবহার করুন।
- লিফ্ট ব্যবহার করবেন না।
- নিরাপদ স্থানে পৌঁছে 911 নম্বরে ফোন করুন। দমকল কর্মীদের দুর্ঘটনা স্থলে না দেখতে পাওয়া অবধি অনুমান করে নেবেন না যে আগুন লাগার ঘটনা জানানো হয়েছে।
- আগে থেকে ঠিক করা বিল্ডিংয়ের বাইরের জায়গায় আপনার পরিবারের সদস্যদের সাথে সাক্ষাৎ করুন। কেউ না জানালে আপনি দমকলে খবর দিন।

### আপনার বাসায় আগুন না লেগে থাকলে

- প্রথমে তাপের আঁচ বোঝার জন্য বাসার দরজা এবং দরজার হাতলে হাত দিন। যদি সেগুলি গরম না হয়ে থাকে, তাহলে দরজাটি অল্প একটু ফাঁক করে দেখুন যে হলটিতে ধোঁয়া, উত্তাপ বা আগুন রয়েছে কিনা।
- আপনার বাসায় আগুন লাগলে উপরের নির্দেশগুলি অনুসরণ করে বাসা এবং বিল্ডিং থেকে বেরিয়ে আসুন যদি আপনি তা নিরাপদে করতে পারেন।
- যদি ধোঁয়া, তাপ বা আগুনের কারণে হলঘর বা সিঁড়ি নিরাপদ না থাকে এবং আপনার কাছে ফায়ার এক্সপের প্রবেশিধার থাকলে বিল্ডিং থেকে সেই দিকে বেড়িয়ে আসুন। সাবধানে ফায়ার এক্সপের দিকে যান এবং ছোট বাচ্চাদের কোলে নেবেন বা ধরে থাকবেন।
- যদি সিঁড়ি বা ফায়ার এক্সপ ব্যবহার করতে না পারেন, তাহলে 911 নম্বরে ফোন করে আপনার ঠিকানা, তল, বাসা নম্বর এবং আপনার বাসায় কতজন রয়েছেন জানান।
- আপনার বাসার দরজাগুলিকে ভিজে তোয়ালে বা চাদর দিয়ে ঢেকে দিন, এবং ঘুলঘুলি বা ধোঁয়া ঢুকতে পারে এমন অন্য কোন ফুটোকেও বন্ধ করে দিন।
- নীচে থেকে আগুনের শিখা এবং ধোঁয়া না এলে জানলাগুলিকে উপরে এবং নীচের দিকে কয়েক ইঞ্চি খুলে রাখুন।
- কোনও জানলা ভাঙবেন না।
- যদি বাসার পরিস্থিতি দেখে জীবনহানির আশঙ্কা আছে বলে মনে হয় তাহলে একটি জানলা খুলে দমকলকর্মীদের দৃষ্টি আকর্ষণের জন্য তোয়ালে বা চাদর নাড়ান।
- সহায়তা পাওয়ার আগেই যদি ধোঁয়া ঘোরালো হয়ে ওঠে, তাহলে মেঝেতে বসে পড়ুন এবং নাক দিয়ে অল্প অল্প করে শ্বাস নিতে থাকুন। সম্ভব হলে, অগ্নিশিখা, তাপ বা ধোঁয়ার উৎস থেকে দূরে ব্যালকনি বা ছাদে চলে যান।